গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অক্টোবর/২০২৩ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আ: খালেক মল্লিক অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার
সভার তারিখ	২৯-১১-২০২৩
সভার সময়	বেলা-০২.৩০ ঘটিকা
স্থান	অনলাইন জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	রেকর্ডেড

২.০ আলোচনা:

২.১। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও যুগ্মসচিব (প্রশাসন-২), মোহাম্মদ ফারুক হোসেন সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি শুরুতে গত ২৮-০৯-২০২৩ তারিখে অনুষ্ঠিত ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র আগস্ট/২৩ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। বাপেক্সের প্রতিনিধি জানান যে, ২ডি সিসমিক জরিপ কার্যক্রমের আওতায় এ পর্যন্ত ২৫৮ লা: কি.মি. সার্ভে এবং ২৪ লা: কি.মি. রেকর্ডিং সম্পন্ন হয়েছে। আগামী মার্চ/২৩ এর মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২ডি সিসমিক সার্ভে কার্যক্রম সম্পাদন করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। যেহেতু সূচকটির কার্যক্রম প্রকল্পের আওতায় সম্পাদিত হচ্ছে সেহেতু পিআইসি/পিইসি সভায় লক্ষ্যমাত্রা ও অর্জন সুস্পষ্টভাবে যাতে উল্লেখ থাকে সেদিকে নজর দেয়ার জন্য সভাপতি গুরুত্বারোপ করেন। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল জানান যে, ৩ডি সিসমিক জরিপ কার্যক্রম জকিগঞ্জে চলমান রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে ৩ডি সিসমিক জরিপ কার্যক্রম সম্পাদন করা সম্ভব হবে মর্মে তিনি উল্লেখ করেন। তিনি আরো জানান যে, সিলেট-১০ অনুসন্ধান কূপ খনন ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং এ কূপ হতে গ্যাস উত্তোলনের সুখবর প্রকাশিত হয়েছে। এছাড়া, কৈলাশটিলা-৮ অনুসন্ধান কূপের ভূমি উন্নয়ন কার্যক্রমসহ বাপেক্সের রিগ মবিলাইজেশন কার্যক্রম চলমান রয়েছে। আগামী ফেব্রুয়ারি/২৩ এর মধ্যে কৈলাশটিলা-৮ অনুসন্ধান কূপ খনন কার্যক্রম সম্পন্ন হবে মর্মে ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স অবহিত করেন। যুগ্মসচিব (প্রশাসন-২) বলেন যে, সম্পাদিত সিলেট-১০ অনুসন্ধান কূপের বিষয়ে দ্রুত পিআইসি/পিএসসি আয়োজন করে সুনির্দিষ্টভাবে অর্জন উল্লেখ করা প্রয়োজন। সভাপতি এ বিষয়ে একমত পোষণ করেন এবং পিআইসি/পিএসসি সভায় সিলেট-১০ অনুসন্ধান কূপের অর্জন উল্লেখ করার নির্দেশনা প্রদান করেন।

২.২। মহাপরিচালক, জিএসবি জানান যে, ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়নের প্রাথমিক কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। নির্ধারিত সময়ে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। সভায় জানানো হয় যে, অক্টোবর/২৩ পর্যন্ত বিপণনকৃত কঠিন শিলার পরিমাণ ২.০৬৪৯ লক্ষ মেট্রিক টন। ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল জানান যে, গত ২৬-১০-২০২৩ তারিখে মূল্য পুনঃনির্ধারিত হওয়ায় বিক্রয় মূল্য কমে যাওয়ায় পাথর বিক্রির পরিমাণ লক্ষ্যমাত্রা থেকে বেশি হতে পারে। সভাপতি এ বিষয়ে প্রমাণক প্রস্তুতের ক্ষেত্রে যথাযথ ব্যাখ্যা পূর্ব থেকেই প্রস্তুত রাখার নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক, বিসিএমসিএল জানান যে, আলীহাট আয়রন ওর ফিল্ডের ৬টি বোর হোল খননের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তন্মেধ্যে ৪টি বোর হোল ইতোমধ্যে খনন সম্পন্ন হয়েছে। আগামী এপ্রিল/২৩ এর মধ্যে বোর হোল খননপূর্বক রিপোর্ট প্রণয়ন কার্যক্রম সম্পন্ন হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি এপ্রিল/২৩ এর মধ্যে বোর হোল খননপূর্বক রিপোর্ট প্রণয়নের কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করেন। যুগ্মসচিব (প্রশাসন-২) জানান যে, ৩০ কার্যদিবসের মধ্যে বেজা/এসইজেড শিল্পাঞ্চলের গ্যাস সংযোগের আবেদন নিষ্পত্তির বিষয়ে তিতাস

গ্যাসের প্রেরিত জবাবে মন্ত্রিপরিষদ বিভাগ সন্তোষ্ট না হওয়ায় গত অর্থবছরের এপিএ'র মূল্যায়নে সূচকটির নম্বর পাওয়া যায়নি। এ অর্থবছরে বেজা/এসইজেড শিল্পাঞ্চলের গ্যাস সংযোগের আবেদন নিষ্পত্তি যথাযথভাবে যাতে অনুসরণ করা হয় সেদিকে গুরুত্ব দেয়ার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন এবং এ বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন-২) এর সাথে যোগাযোগ রাখার জন্যও নির্দেশনা প্রদান করেন।

২.৩। বিইআরসি'র প্রতিনিধি সভায় জানান যে, অক্টোবর/২৩ পর্যন্ত পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির প্রেক্ষিতে এনার্জি উৎপাদন, সঞ্চালন, মজুদকরণ, পরিবহন, বিপণন ও বিতরণ লাইসেন্সের আবেদন ৮৮.৪৪% নিষ্পত্তি করা হয়েছে। সভাপতি বলেন যে, যে সকল আবেদন নিষ্পত্তি করা হচ্ছে সে সকল আবেদনের তথ্য (আবেদনকারীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর ইত্যাদি) সুনির্দিষ্টভাবে রেজিস্টারে সংরক্ষণ রাখতে হবে, যাতে মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা অনুযায়ী প্রমাণক সরবরাহ করা যায়। ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল জানান যে, অক্টোবর/২৩ পর্যন্ত পাইপলাইনের ক্যাথডিক প্রটেকশন ১২০ কি.মি. স্থাপন সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কার্যক্রম চলমান রয়েছে। যুগ্মসচিব (প্রশাসন-২) বলেন যে, সূচকটির বিপরীতে প্রমাণক কোনটি হবে সেটি পূর্ব হতেই নির্ধারণ করা প্রয়োজন। এ বিষয়ে জিটিসিএল এর প্রতিনিধি জানান যে, যেহেতু বগুড়া-রংপুর-সৈয়দপুর পাইপলাইনে ক্যাথডিক প্রটেকশন স্থাপন করা হচ্ছে সেহেতু উক্ত প্রকল্পের পিএসসি/পিআইসি সভায় স্থাপনকৃত ক্যাথডিক প্রটেকশনের বিষয়টি উল্লেখ করা যেতে পারে। সভাপতি এ বিষয়ে একমত পোষণ করেন এবং পিএসসি/আইসি সভায় স্থাপনকৃত ক্যাথডিক প্রটেকশনের তথ্য সুনির্দিষ্টভাবে উল্লেখ করার নির্দেশনা প্রদান করেন। যুগ্মসচিব (পরিকল্পনা) জানান যে, চলতি অর্থবছরে আবাসিক শ্রেণিতে প্রিপেইড মিটার স্থাপন টিজিটিডিসিএল ও জেজিটিডিএসএল কর্তৃক সম্পাদন করা হবে। তদপ্রেক্ষিতে প্রিপেইড মিটার স্থাপনের তথ্যে উক্ত দুটি কোম্পানীর নাম উল্লেখ করা যায়। যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, গত ২৪-১১-২০২৩ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের শূন্য পদের বিপরীতে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আগামী ফেব্রুয়ারি/২৩ এর মধ্যে নিয়োগের সকল কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে।

২.৪। হাইড্রোকার্বন ইউনিটের ফোকাল পয়েন্ট সভায় জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সমন্বিত ড্যাশবোর্ড এর ডেভেলপমেন্ট কার্যক্রম সম্পাদন করা হয়েছে। আগামী ডিসেম্বর/২৩ এর মধ্যে এর কার্যক্রম চূড়ান্ত করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভায় জানানো হয় যে, Integrated Power and Energy Master Plan (IPEMP) গত ২৭-১১-২০২৩ তারিখে চূড়ান্ত হয়েছে এবং এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে। সভায় জানানো হয় যে, তেল/গ্যাসের উন্নয়ন/ওয়ার্কওভার কূপ খননের আওতায় সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড কর্তৃক কৈলাশটিলা-২, রশিদপুর-২, রশিদপুর-৫ (ওয়ার্কওভার কূপ), শেভরণ কর্তৃক বিবিয়ানা-২৭ (ডেভেলপমেন্ট কূপ) ও বিজিএফসিএল কর্তৃক তিতাস-১৪ কূপ খননের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি উন্নয়ন ও ওয়ার্কওভার কূপসমূহের খনন কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক, আরপিজিসিএল জানান যে, অক্টোবর/২৩ পর্যন্ত আমদানিকৃত এলএনজির পরিমাণ ১৮.৬৫ ল.মে.টন। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরো উল্লেখ করেন যে, রিগ্যাসিফিকেশন ও স্টোরেজ বৃদ্ধির লক্ষ্যে ৩য় এফএসআরইউ স্থাপনের জন্য চুক্তি প্রক্রিয়াটি অনুমোদনের জন্য সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন প্রাপ্তির পর দ্রুত এ কার্যক্রমটি সম্পাদন করা হবে। সভাপতি নির্ধারিত টার্গেট অনুযায়ী সূচকটির লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করেন।

২.৫। প্রকল্প পরিচালক জানান যে, চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইন নির্মাণ প্রকল্পের আওতায় ১৫ কি.মি. পাইপলাইন নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। বিষয়টি পিআইসি/পিএসসি সভায় সুনির্দিষ্টভাবে যাতে উল্লেখ থাকে সেদিকে গুরুত্ব দেয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক, এমপিএল জানান যে, ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনের ট্যাপ অব পয়েন্ট হতে সৈয়দপুর বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত পাইপলাইন নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, তিনি ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনের রিসিপ্ট টার্মিনাল নির্মাণের বিষয়ে জানান যে, টার্মিনালের মালামাল পোর্টে এসে অপেক্ষামান রয়েছে এবং প্রকল্পের সাইটে এসে পৌঁছায়নি। সভাপতি সূচক দুটির সুনির্দিষ্ট অগ্রগতি না থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত সংশ্লিষ্টদের পত্র প্রদানের নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিএল জানান যে, রংপুর, নীলফামারি, পীরগঞ্জ শহর ও তৎসংলগ্ন এলাকায় গ্যাস বিতরণ নেটওয়ার্ক নির্মাণ কার্যক্রম আগামী দুই মাসের মধ্যে সম্পন্ন হবে এবং এ লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে।সভাপতি মনিটরিং প্রতিবেদনসমূহ প্রতিমাসে নিয়মিতভাবে দাখিলের বিষয়েও সভায় গুরুত্বারোপ করেন। সভায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের পাঁচটি কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভাপতি আবশ্যিক কৌশলগত

উদ্দেশ্যের সূচকসমূহ নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী দ্রুত বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	পিআইসি/পিইসি সভায় ২ডি ও ৩ডি সিসমিক সার্ভে কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অর্জন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।	পেট্রোবাংলা/ বাপেক্স/এসজিএফএল/ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
৩.২	সম্পাদিত সিলেট-১০ অনুসন্ধান কূপের বিষয়ে দ্রুত পিআইসি/পিএসসি আয়োজন করে সুনির্দিষ্টভাবে অর্জন উল্লেখ করতে হবে।	পেট্রোবাংলা/ এসজিএফএল
৩.৩	পুনঃনির্ধারিত মূল্যের কারণে বিক্রয়মূল্য কমে যাওয়ায় পাথর বিক্রির পরিমাণ লক্ষ্যমাত্রা থেকে বেশি হওয়ার উপক্রম হওয়ায় প্রমাণক প্রস্তুতের ক্ষেত্রে যথাযথ ব্যাখ্যা পূর্ব থেকেই প্রস্তুত রাখতে হবে।	পেট্রোবাংলা/ এমজিএমসিএল
৩.৪	আগামী এপ্রিল/২৩ এর মধ্যে আলীহাট আয়রন ওর ফিল্ডের বোর হোল খননপূর্বক রিপোর্ট প্রণয়নের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	পেট্রোবাংলা/ বিসিএমসিএল
৩.৫	চলতি অর্থবছরে বেজা/এসইজেড শিল্পাঞ্চলের গ্যাস সংযোগের আবেদন নিষ্পত্তি যথাযথভাবে যাতে অনুসরণ করা হয় সেদিকে গুরুত্ব দিতে হবে এবং এবং এ বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন-২) এর সাথে যোগাযোগ রাখতে হবে।	পেট্রোবাংলা/ ডিস্ট্রিবিউশন কোম্পানী
৩.৬	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির প্রেক্ষিতে এনার্জি উৎপাদন, সঞ্চালন, মজুদকরণ, পরিবহন, বিপণন ও বিতরণ লাইসেন্সের যে সকল আবেদন নিষ্পত্তি করা হচ্ছে সে সকল আবেদনের তথ্য (আবেদনকারীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর ইত্যাদি) সুনির্দিষ্টভাবে রেজিস্টারে সংরক্ষণ রাখতে হবে।	বিইআরসি
৩.৭	স্থাপনকৃত ক্যাথডিক প্রটেকশনের প্রমাণকের জন্য বগুড়া-রংপুর-সৈয়দপুর পাইপলাইন প্রকল্পের পিএসসি/পিআইসি সভায় স্থাপনকৃত ক্যাথডিক প্রটেকশনের তথ্য সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।	পেট্রোবাংলা জিটিসিএল
৩.৮	রিগ্যাসিফিকেশন ও স্টোরেজ বৃদ্ধির লক্ষ্যে ৩য় এফএসআরইউ স্থাপনের জন্য চুক্তি প্রক্রিয়া সম্পন্নকরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	পেট্রোবাংলা আরপিজিসিএল
৩.৯	'ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনের ট্যাপ অব পয়েন্ট হতে সৈয়দপুর বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত পাইপলাইন নির্মাণ' এবং 'ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনের রিসিপ্ট টার্মিনাল নির্মাণ' প্রকল্পের সুনির্দিষ্ট অগ্রগতি না থাকায় সংশ্লিষ্টদের পত্র দিতে হবে।	এপিএ টিম/ প্রশাসন-২ অধিশাখা
৩.১০	মনিটরিং প্রতিবেদনসমূহ প্রতিমাসে নিয়মিতভাবে দাখিলের বিষয়ে মনিটরিং কমিটির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	এপিএ টিম/সকল মনিটরিং কমিটি
৩.১১	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সূচকসমূহ নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রশাসন-২ অধিশাখা/ প্রশাসন-৩ অধিশাখা/ প্রশাসন-১ শাখা/ আইসিটি শাখা

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২৩.৪৮৪

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩০
১০ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৫) এপিএ টিম, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৬) মহাপরিচালক (যুগ্মসচিব), হাইড্রোকার্বন ইউনিট

৭) মহাপরিচালক , বাংলাদেশ ভূত্বাত্তিক জরিপ অধিদপ্তর

৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, বিস্ফোরক পরিদপ্তর

৯) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১০) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১১) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

১২) ব্যবস্থাপনা পরিচালক (সকল), পেট্রোবাংলা ও বিপিসি'র কোম্পানীসমূহ

১৩) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোহাম্মদ ফারুক হোসেন
যুগ্মসচিব